

## খুলনার সোনাডাঙ্গায় ১০ কেজি গাঁজাসহ ১ জন আটক



০২/০২/২০১৪ ইং তারিখ সকাল ৬.০০ ঘটিকায় তত্ত্বাবধায়ক জনাব সিদ্ধেশ্বর তেলী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, খুলনা উপ-অঞ্চল, খুলনা এর নেতৃত্বে খুলনা দক্ষিণ সার্কেলের পরিদর্শক জনাব মোঃ মোজাম্মেল হক ও বিভাগীয় ষ্টাফসহ খুলনা মহানগরীর সোনাডাঙ্গা থানাধীন ২৬৫, হাজী ইসমাইল রোড, পল্লি মঙ্গল স্কুলের পূর্ব পার্শ্বে মোঃ সেলিম মোড়ল এর দ্বিতলা বিল্ডিং এর নিচ তলার

দক্ষিণ পার্শ্বের ভাড়াটিয়া আসামি মোঃ মাসুম মিয়া(মাসুম কসাই) ৫৩, পিতামৃত- লাল মিয়া, এর ভাড়া করা নিজ দখলীয় ০২(দুই) কক্ষ বিশিষ্ট বসত ঘরের উত্তর পার্শ্বের শয়ন কক্ষের মধ্যে খাটের নিচে মেঝেতে রক্ষিত ০১(এক) টি প্লাস্টিক বস্তার মধ্যে পলিথিনের মোড়ানো সুতলীদ্বারা বাধা ০৫(পাঁচ)টি প্যাকেটে গাঁজা, যাহা প্রতি প্যাকেটে ০২(দুই) কেজি করে সর্বমোট= ১০(দশ) কেজি উদ্ধার ও জব্দ করেন।

তার বিরুদ্ধে তত্ত্বাবধায়ক বাদী হয়ে সোনাডাঙ্গা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ সালের ১৯(১) টেবিলের ৭ (খ) ও ১৯(৪) ধারায় একটি নিয়মিত মামলা দায়ের করেছেন।

(মোঃ রফিকুল ইসলাম)  
উপ-পরিচালক  
ফোনঃ(০৪১)২৮৩০২৮৬  
মোবাঃ ০১৭১৫-৩৮৬০৮১